গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী
রাজস্ব শাখা

বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সেকশন-৩ এর ২.৭ অনুযায়ী মুজিববর্ষ উপলক্ষ্যে গৃহহীনদের গৃহ নির্মাণ কাজের অগ্রগতি তদারকিকরণ সংক্রান্ত নভেম্বর, ২০২২ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | জি এস এম জাফরউল্লাহ্ এনডিসি<br>বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী। |
| সভার তারিখ | ২২ নভেম্বর ২০২২ খ্রি. |
| সভার সময় | বেলা ০৯:৩০ টা |
| স্থান | বিভাগীয় কমিশনার এর সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতি "মুজিববর্ষে দেশে কেউ গৃহহীন থাকবে না" মাননীয় প্রধানমন্ত্রীর এ নির্দেশনা বাস্তবায়ন করার নিমিত্ত সমন্বিত উদ্যোগ গ্রহণ করার জন্য সকলের প্রতি আহবান জানান। তিনি উল্লেখ করেন, রাজশাহী বিভাগে ৪র্থ পর্যায়ে বরাদ্দ প্রাপ্ত ৫১৪৯টি গৃহের সাথে নতুন করে ০৬/১১/২০২২ তারিখে আরও বরাদ্দপ্রাপ্ত বগুড়া জেলায় ৩৫৭টি এবং সিরাজগঞ্জ জেলায় ১০৭টি সহ মোট (৫১৪৯+৪৬৪)= ৫৬১৩টি গৃহের নির্মাণ কাজ প্রধানমন্ত্রীর কার্যালয় হতে প্রাপ্ত নির্দেশনা ও সর্বশেষ প্রাপ্ত প্রাক্কলন, ডিজাইন ও স্পেসিফিকেশন অনুযায়ী দ্রুত সম্পন্ন করা প্রয়োজন। এছাড়াও তিনি রাজশাহী বিভাগের ২টি জেলাকে সম্পূর্ণরুপে এবং অবশিষ্ট ৬টি জেলার ১৭টি উপজেলাসহ ১০০% বরাদ্দপ্রাপ্ত মোট ২৫টি উপজেলার সকল ঘর নির্মাণ কাজ সম্পন্ন করে আগামী ডিসেম্বর, ২০২২ মাসের মধ্যে "ক" শ্রেণির সকল পরিবারকে পুনর্বাসনের মাধ্যমে উপজেলাকে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ভূমিহীন-গৃহহীনমুক্ত উপজেলা ঘোষণার প্রয়োজনীয় যাবতীয় কার্যক্রম সম্পন্ন করার উপর বিশেষ গুরুত্বারোপ করেন।

## ২. পুর্ববর্তী সভার কার্যবিবরণী অনুমোদন:

সভায় অক্টোবর, ২০২২ মাসের কার্যবিবরণী পঠিত হয় এবং কোনরূপ সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ হয়।

## ৩. পুর্ববর্তী সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি:

অক্টোবর, ২০২২ মাসে অনুষ্ঠিত মুজিববর্ষ উপলক্ষ্যে ভূমিহীন ও গৃহহীনদের গৃহ নির্মাণ কাজের অগ্রগতি তদারকিকরণ সংক্রান্ত সভার সিদ্ধান্ত বাস্তবায়নের হার নিম্নরূপঃ

| ক্রমিক নং | সভার তারিখ | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়িত সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নের হার |
|---|---|---|---|---|
| ০১ | ১২/১০/২০২২ খ্রি. | ০৫টি | ০৪টি | ৮০% |

অবশিষ্ট সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে এবং জেলা প্রশাসকগণ সচেষ্ট আছেন মর্মে সভায় অবহিত করা হয়।

অতিরিক্ত বিভাগীয় কমিশনার (রাজস্ব), রাজশাহী এ বিভাগের সকল জেলা হতে প্রাপ্ত ‘ক’ শ্রেণির ভূমিহীন ও গৃহহীন পরিবারের সংখ্যা এবং মুজিববর্ষ উপলক্ষ্যে ভূমিহীন ও গৃহহীনদের গৃহ নির্মাণ কাজের অগ্রগতি তদারকিকরণ সম্পর্কে বিস্তারিত তথ্য সভায় অবহিত করেন। পর্যালোচনায় দেখা যায়, রাজশাহী বিভাগে ভূমিহীন-গৃহহীন অর্থাৎ "ক" শ্রেণির পরিবার সংখ্যা ৩২৩১২টি। ১ম, ২য়, ৩য় ও ৪র্থ পর্যায়ে বরাদ্দপ্রাপ্ত ঘরের সংখ্যা (৭১১৯+৭১৭২+৭৪৭০+৫৬১৩)= ২৭৩৭৪টি। অবশিষ্ট ভূমিহীন-গৃহহীন পরিবারের সংখ্যা (৩২৩১২-২৭৩৭৪)= ৪৯৩৮টি। গুচ্ছগ্রাম, ব্যারাক নির্মাণ, উপজেলা পরিষদের অর্থায়নে গৃহ নির্মাণ ও বেসরকারি দানের মাধ্যমে গৃহ নির্মাণপূর্বক পুনবাসিত পরিবার সংখ্যা ১০৪৪টি। গত ০৬/১১/২০২২ তারিখে ৪৬৪টি গৃহ নির্মাণের জন্য বরাদ্দ পাওয়ায় ৪র্থ পর্যায়ে মোট বরাদ্দপ্রাপ্ত গৃহের সংখ্যা (৫১৪৯+৪৬৪)= ৫৬১৩টি। যার মধ্যে ৪৪৬৯টি গৃহের নির্মাণ কাজ চলমান রয়েছে এবং অগ্রগতির হার ২৩.৩৯%। বরাদ্দপ্রাপ্ত অবশিষ্ট ১১৪৪টি গৃহের নির্মাণ কাজ দ্রুত শুরু করা প্রয়োজন। সভায় এ বিভাগের চাঁপাইনবাবগঞ্জ এবং জয়পুরহাট জেলার সকল উপজেলাসহ রাজশাহী বিভাগের মোট ২৫টি উপজেলাকে ভূমিহীন-গৃহহীনমুক্ত জেলা ও উপজেলা ঘোষণার কর্মপরিকল্পনা গ্রহণ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং জেলা প্রশাসক, পাবনা এর অনুরোধের প্রেক্ষিতে পাবনা জেলার ভাঙ্গুড়া উপজেলাকে ভূমিহীন-গৃহহীন মুক্ত উপজেলা ঘোষণার কর্মপরিকল্পনা হতে বাদ দেয়া হয়। অতঃপর সভায় নিম্নরূপ তথ্যাদি উপস্থাপিত হয়:

## ৪. <u>একনজরে রাজশাহী বিভাগে ৪র্থ পর্যায়ে বরাদ্দপ্রাপ্ত গৃহের নির্মাণ অগ্রগতির তথ্য:</u>

| জেলার নাম | “ক” শ্রেণির ভূমিহীন-গৃহহীন পরিবারের সংখ্যা | ১ম, ২য়, ৩য় ও ৪র্থ পর্যায়ে মোট বরাদ্দপ্রাপ্ত গৃহের সংখ্যা | গুচ্ছগ্রাম, ব্যারাক নির্মাণ ও অন্যভাবে পুনর্বাসিত পরিবার সংখ্যা | অবশিষ্ট ভূমিহীন-গৃহহীন পরিবারের সংখ্যা | ৪র্থ পর্যায়ে বরাদ্দপ্রাপ্ত গৃহের সংখ্যা | নির্মাণ কাজ শুরু হয়েছে এমন গৃহের সংখ্যা | গড় অগ্রগতি (%) | অবশিষ্ট বরাদ্দপ্রাপ্তি প্রয়োজন |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| রাজশাহী | ৪৩২১ | ৩৯৯৮ | ০ | ৩২৩ | ১১২৮ | ১১২৮ | ২২.৬৫ | ৩২৩ |
| চাঁপাইনবাবগঞ্জ | ৪৯৪৫ | ৪৮১৯ | ১২৬ | ১২৬ | ২৩০ | ১৪৫ | ৩১.০৯ | ০ |
| নওগাঁ | ৪২১৯ | ৩৩৬৪ | ১৫০ | ৮৫৫ | ১০৬৯ | ১০৬৯ | ১২.১৫ | ৭০৫ |
| নাটোর | ৫২৬০ | ৪১৬০ | ২৭০ | ১১০০ | ৬৫৭ | ৪৭০ | ১৩.৯৯ | ৮৩০ |
| পাবনা | ৪২০৫ | ২৯৭৪ | ০ | ১২৩১ | ৮৩৭ | ৫১৯ | ১৭.১৮ | ১২৩১ |
| সিরাজগঞ্জ | ৩৫০৯ | ২৪৫৬ | ২৪৮ | ১০৫৩ | ৩৪১ | ৩৪১ | ৪৩.৮৭ | ৮০৫ |
| বগুড়া | ৪৮০৫ | ৪৮০৫ | ০ | ০ | ১২১২ | ৬৫৮ | ১৮.৩৭ | ০ |
| জয়পুরহাট | ১০৪৮ | ৭৯৮ | ২৫০ | ২৫০ | ১৩৯ | ১৩৯ | ২৭.৯১ | ০ |
| **বিভাগের মোট** | **৩২৩১২** | **২৭৩৭৪** | **১০৪৪** | **৪৯৩৮** | **৫৬১৩** | **৪৪৬৯** | **২৩.৩৯** | **৩৮৯৪** |

## ৫। বিস্তারিত আলোচনা করত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরূপ:

| | |
|---|---|
| ১। ডিসেম্বর/২০২২ মাসের মধ্যে চাঁপাইনবাবগঞ্জ ও জয়পুরহাট জেলাকে সম্পূর্ণভাবে এবং রাজশাহী জেলার পবা, পুঠিয়া, দুর্গাপুর ও বাগমারা উপজেলা; নওগাঁ জেলার আত্রাই, নিয়ামতপুর ও ধামইরহাট উপজেলা; নাটোর জেলার গুরুদাসপুর ও লালপুর উপজেলা; পাবনা জেলার পাবনা সদর, আটঘরিয়া ও সাঁথিয়া উপজেলা; সিরাজগঞ্জ জেলার কাজিপুর, উল্লাপাড়া ও রায়গঞ্জ উপজেলা; বগুড়া জেলার কাহালু ও ধুনট উপজেলাসহ মোট ২৫ টি উপজেলায় বরাদ্দপ্রাপ্ত ঘর নির্মাণ পূর্বক চিহ্নিত পরিবারকে পুনর্বাসনের মাধ্যমে উপজেলাসমূহকে ভূমিহীন ও গৃহহীনমুক্ত উপজেলা ঘোষণার কার্যক্রম গ্রহণ করতে হবে।<br><br>২। অবশিষ্ট ৩২টি উপজেলা তথা সম্পূর্ণ রাজশাহী বিভাগকে আগামী জুন/২০২৩ মাসের মধ্যে ভূমিহীন ও গৃহহীনমুক্ত উপজেলা ঘোষণার লক্ষ্যে খাস জমি চিহ্নিতকরণ, যথাসময়ে বরাদ্দ প্রাপ্তির ব্যবস্থা গ্রহণ ও তার বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।<br><br>৩। ৪র্থ পর্যায়ে বরাদ্দপ্রাপ্ত ৬৫১৩টি গৃহের নির্মাণ কাজ দ্রুত শুরু করতে হবে যাতে শূন্য অগ্রগতি সম্পন্ন কোন ঘর না থাকে।<br><br>৪। গৃহ নির্মাণের সাপ্তাহিক অগ্রগতি পর্যালোচনা করতে হবে। নওগাঁ, নাটোর ও পাবনা জেলা গৃহ নির্মাণের অগ্রগতি বাড়াতে হবে। | জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ। |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

জি এস এম জাফরউল্লাহ্ এনডিসি
বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।

স্মারক নম্বর: ০৫.৪৩.০০০০.০১১.০৭.০০৯.২২.১২৯২

তারিখ: ৯ অগ্রহায়ণ ১৪২৯
২৪ নভেম্বর ২০২২

সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩) প্রকল্প পরিচালক, আশ্রয়ণ প্রকল্প-২, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৪) জেলা প্রশাসক, রাজশাহী/নাটোর/নওগাঁ/চাঁপাইনবাবগঞ্জ/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট।
৫) উপ-ভূমি সংস্কার কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
৬) উপজেলা নির্বাহী অফিসার, রাজশাহী/চাঁপাইনবাবগঞ্জ/সিরাজগঞ্জ/পাবনা সদর/পাবনা/বগুড়া সদর/বগুড়া/নাটোর/জয়পুরহাট/নওগাঁ।
৭) সিনিয়র সহকারী কমিশনার, আইসিটি শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী(ওয়েব পোর্টালে আপলোডের অনুরোধসহ)।
৮) সহকারী কমিশনার (ভূমি), রাজশাহী/চারঘাট/রাজশাহী/নাটোর/নওগাঁ/চাঁপাইনবাবগঞ্জ/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট।

জি এস এম জাফরউল্লাহ্ এনডিসি
বিভাগীয় কমিশনার